



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.১০.০০০০.০০৬.১৬.০০৯.১৮.২০

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৬
২৪ নভেম্বর ২০১৯

বিষয়: জৈবসার উৎপাদন কার্যক্রম জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বারবার তাগিদ দেয়ার পরও অনেক জেলা মাটি পরীক্ষার মাধ্যমে সার সুপারিশক্রমে ফসল উৎপাদনে যথেষ্ট গুরুত্ব আরোপ করছে না। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কোনো কোনো জেলা ব্লক প্রতি ১টি মাটির নমুনাও পরীক্ষার জন্য প্রেরণ করছে না। এমনকি অনলাইন ফার্মিলাইজার রিকমেন্ডেশন সিস্টেম অনুসরণে কৃষকদের সার সুপারিশকরণের কার্যক্রমও খুব একটা গ্রহণ করছে না। জেলার কোন্ উপজেলা, কোন্ ব্লক এসব কার্যক্রম গ্রহণে পেছনে রয়েছে তাদের চিহ্নিত করে সতর্ক করা হোক এবং তার অনুলিপি অত্র দপ্তরে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে বলা হলো।

ট্রাইকো কম্পোস্ট একটি অত্যন্ত সম্ভাবনাময় প্রযুক্তি। এর নানামুখী উপকারীতা রয়েছে। এতদসত্ত্বেও এ প্রযুক্তি জনপ্রিয়করণ ও সম্প্রসারণে তেমন উদ্যোগ নিতে দেখা যাচ্ছে না। এ বিষয়ে প্রত্যেক জেলার প্রত্যেক উপজেলায় লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করে কার্যক্রম গ্রহণে সচেষ্ট হতে হবে।

অঞ্চল ও জেলার মাসিক সভায় উল্লিখিত বিষয়ে গুরুত্ব সহকারে অগ্রগতি পর্যালোচনা করতে হবে। ভূমির উর্বরতা সংরক্ষণের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে বাস্তবভিত্তিক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২৪-১১-২০১৯

চন্ডী দাস কুন্ডু
পরিচালক

ইমেইল: dfs@dae.gov.bd

স্মারক নম্বর: ১২.১০.০০০০.০০৬.১৬.০০৯.১৮.২০/১(৭০)


তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৬
২৪ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (সকল)। আপনার আওতাধীন সংশ্লিষ্ট সকল উপপরিচালকগণকে পত্রের বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
- ২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, (সকল)। পত্রের বিষয়ে সংশ্লিষ্ট সকল উপজেলাকে নির্দেশনা প্রদান করার জন্য বলা হলো।
- ৩) উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। উক্ত পত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।
- ৪) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৫) পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

খামারবাড়ি, ঢাকা-১২১৫।

৬) অফিস নথি।



২৪-১১-২০১৯

চন্ডী দাস কুন্ডু

পরিচালক